

শিক্ষকদের অনশন ভাঙালেন এরশাদ

■ সমকাল প্রতিবেদক

এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানে সৃষ্ট পদে নিয়োগকৃত শিক্ষকদের এমপিওভুক্তির দাবিতে চলমান আন্দোলনে সংহতি প্রকাশ করেছেন জাতীয় পার্টির (জাপা) চেয়ারম্যান হুসেইন মহম্মদ এরশাদ। গতকাল শুক্রবার তিনি জাতীয় প্রেস ক্লাবের সামনে শিক্ষকদের অনশন ভাঙান। শিক্ষকদের দাবি মেনে নিতে প্রধানমন্ত্রীর প্রতি অনুরোধ জানান প্রধানমন্ত্রীর বিশেষ দূত এরশাদ।

‘এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানে সৃষ্ট পদে নিয়োগপ্রাপ্ত নন-এমপিও বাংলাদেশ শিক্ষক ঐক্য পরিষদ’-এর লাগাতার অনশনের পঞ্চম দিন ছিল গতকাল শুক্রবার। কয়েকজন শিক্ষক অসুস্থ হয়ে পড়লে এরশাদ তাদের অনশন ভাঙার অনুরোধ জানান। পানি পান করিয়ে তিনি তাদের অনশন ভাঙান।

প্রধানমন্ত্রী শেখ হাসিনার উদ্দেশে সাবেক রাষ্ট্রপতি এরশাদ বলেন, ‘অনাহারে শিক্ষকরা রাত্তায় শুয়ে থাকবে, এটা হয় না। আলোচনা করার অনুরোধ করছি। প্রয়োজনে প্রজ্ঞাপন বাতিল করুন। প্রধানমন্ত্রীকে বলব, মানবিক হোন। ক’টা টাকার জন্য শিক্ষকরা কেন অনাহারে থাকবেন।’

আন্দোলনকারী শিক্ষকদের উদ্দেশে এরশাদ বলেন, ‘শিক্ষামন্ত্রী এখন দেশের বাইরে। আগামী রোববার শিক্ষা সচিব আমার সঙ্গে দেখা করবেন বলে জানিয়েছেন। আপনারা অনশন ভাঙুন। বাড়ি ফিরে যান। প্রধানমন্ত্রীর সঙ্গে আলোচনা করব, সমস্যার সমাধান করব।’

ঐক্য পরিষদের সাংগঠনিক সম্পাদক বেলাল হোসেন জানান, প্রধানমন্ত্রীর বিশেষ দূতের আস্থাসে তারা অনশন ভেঙে বাড়ি ফিরে যাচ্ছেন। তবে জাতীয় বাজেটের আগে দাবি মেনে নেওয়া না হলে আবারও আন্দোলনে নামবেন।